বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৬.২৪- ২৪

তারিখঃ ২৯ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

পরিপত্র-২

বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২৫ সুষ্ঠু ও সুচারুরূপে সম্পন্নের লক্ষ্যে প্রয়োজনীয় করণীয়।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২৫ এ বাড়ি বাড়ি গিয়ে ভোটারযোগ্য ব্যক্তিদের তথ্য সংগ্রহ ও সুপারভাইজার কর্তৃক যাচাই কার্যক্রম **২০ জানুয়ারি ২০২৫ হতে ০৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ** পর্যন্ত ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে সম্পন্ন করা হবে। উল্লেখ, ২০০৮ সালের ০১ জানুয়ারি অথবা তার পূর্বে যাদের জন্ম ও বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে যারা বাদ পড়েছেন তাদের নিবন্ধনের জন্য তথ্য সংগ্রহ করা হবে। এছাড়া, এ কর্মসূচিতে ভোটার তালিকা হতে মৃত ভোটারের নাম কর্তন এবং আবাসস্থল পরিবর্তনের কারণে স্থানান্তর বিষয়েও কার্যক্রম গৃহীত হবে।

২। **ভোটারযোগ্য ব্যক্তিদের তথ্য সংগ্রহ ও নিবন্ধন:** ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২৫ এ যাদের জন্ম ২০০৮ সালের ১ জানুয়ারি বা তার পূর্বে এবং বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে যারা বাদ পড়েছেন তারা নিবন্ধন করতে পারবেন। তথ্যসংগহকারীগণ ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করবেন। নিবন্ধনের লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পূরণকৃত নিবন্ধন ফরম-২ এর সাথে অনলাইন জন্ম সনদ এবং জেএসসি বা এসএসসি বা সমমান পরীক্ষা পাশের সনদের (প্রযোজ্য ক্ষেত্রে) ফটোকপি সংগ্রহ করতে হবে। এছাড়াও অন্যান্য কাগজপত্র যেমন- নাগরিকত্ব সনদ/প্রত্যয়নপত্র/বাড়ি ভাড়া/হোল্ডিং ট্যাক্স/ যে কোন ইউটিলিটি বিল পরিশোধের রসিদের কপি জমা দিয়ে নিবন্ধন সম্পন্ন করবেন। নিবন্ধন কেন্দ্রেও ভোটারগণ উপস্থিত হয়ে প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শনপূর্বক ভোটার হিসেবে নিবন্ধন করতে পারবেন। ভোটার নিবন্ধন ফরম-২ এর সাথে জন্ম সনদ বা অন্যান্য কাগজাদি সংযুক্ত করে গেঁথে রাখতে হবে। উল্লেখ্য, ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৩(কক) এ নামের সংজ্ঞায় শিক্ষা সনদসমূহের পাশাপাশি জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ এর অধীন নিবন্ধিত নাম নিবন্ধনের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩। **হিজড়া লিঙ্গ(Hijra):** সরকার বাংলাদেশের হিজড়া জনগোষ্ঠীকে "হিজড়া লিঙ্গ (Hijra)" হিসেবে চিহ্নিত করে স্বীকৃতি প্রদানের প্রেক্ষাপটে হিজড়ারা নতুনভাবে ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হতে পারবেন। তবে হিজড়া জনগোষ্ঠীকে ভোটার হিসেবে নিবন্ধনের ক্ষেত্রে তাদের সনাক্তকরণের জন্য সমাজসেবা অফিসের প্রত্যয়ন অথবা স্থানীয় জনপ্রতিনিধির প্রত্যয়নের ভিত্তিতে নিবন্ধন করতে হবে। এ বিষয়ে যথাযথ দৃষ্টি রাখতে হবে, তারা যেন ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির ক্ষেত্রে কোনভাবেই বঞ্চিত না হয়।

৪। **ভোটার তালিকা হতে মৃত ভোটারের নাম কর্তন:** বিদ্যমান ভোটার তালিকাভূক্ত ভোটারদেরচ মধ্যে যারা ইতোমধ্যে মৃত্যবরণ করেছেন অথচ ভোটার তালিকায় অন্তর্ভূক্ত আছেন তাদের নাম ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর ২৬(৬) মোতাবেক কর্তনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তথ্য সংগ্রহকারীগণ ভোটার তালিকায় অন্তর্ভুক্ত মৃত ভোটারের নাম কর্তনের লক্ষ্যে ফরম-১২ পূরণপূর্বক তথ্য সংগ্রহ করবেন। ফরম-১২ এর সাথে অবশ্যই "মৃত্যু সনদ" বা ডাক্তারের সনদ বা চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলরের প্রত্যয়নপত্র সংযুক্ত করে রাখতে হবে। এলক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের জন্ম ও মৃত্যু রেজিস্টার হতে মৃত ভোটার সম্পর্কে তথ্য সংগ্রহ করা যেতে পারে। এ ব্যাপারে স্থানীয় থানার পুলিশ/গ্রাম পুলিশ/চৌকিদার-দফাদারের সহায়তাও নেয়া যেতে পারে। তবে মৃত ভোটারের তথ্য সংগ্রহের ক্ষেত্রে যেন জীবিত ভোটারের নাম লিপিবদ্ধ না হয় সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

৫। **ভোটার এলাকা স্থানান্তর:** এক ভোটার এলাকা হতে অন্য ভোটার এলাকায় স্থানান্তরের লক্ষ্যে ফরম-১৩ (স্থানান্তর) পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ সরাসরি স্থানান্তরিত এলাকার উপজেলা/থানা নির্বাচন অফিসারের কার্যালয়ে জমা প্রদানের পর যথাযথ যাচাই-বাছাই ও তদন্ত স্বাপেক্ষে সংশ্লিষ্ট ভোটারের ভোটার এলাকা স্থানান্তর করা যেতে পারে।

৬। **ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে স্থানীয় জনপ্রতিনিধি/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সম্পৃক্তকরণ:** ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে ভোটারযোগ্য নারীদের রেজিস্ট্রেশন বিষয়টি নিশ্চিত করার জন্য স্থানীয় জনপ্রতিনিধি/ স্থানীয় সরকার প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের, বিশেষ করে মহিলা জনপ্রতিনিধি/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের, সহযোগিতা একান্ত প্রয়োজন। সিটি কর্পোরেশন ও উপজেলা পর্যায়ের সমন্বয় কমিটিতে স্থানীয় জনপ্রতিনিধি/ স্থানীয় সরকার প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সম্পৃক্ত করে সমন্বয় কমিটি গঠন করা যেতে পারে। জনগুরুত্বপূর্ণ এ কাজে মহিলাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করার জন্য তাদের উক্ত কমিটিতে দায়িত্ব পালনের আবশ্যকতা রয়েছে। বিশেষ করে তারা প্রচারের কাজে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন ও সহযোগিতা প্রদান করতে পারেন।

৭। **নিবন্ধন কার্যক্রম:** নিবন্ধন কেন্দ্রে ভোটারের তথ্য সঠিকভাবে এন্ট্রির ক্ষেত্রে ডাটা এন্ট্রির পর তার তথ্যাদি মুদ্রণ করে আবেদনকারীর স্বাক্ষর গ্রহণ এবং স্বাক্ষরিত প্রিন্ট কপিটি নিবন্ধন ফরম ও অন্যান্য ডকুমেন্টস এর সাথে স্ক্যান করে সংশ্লিষ্ট ভোটারের ডাটার সাথে সংযুক্ত করে রাখতে হবে। এছাড়া, সংশ্লিষ্ট ভোটারের আইরিশ এবং ১০ (দশ) আঙ্গুলের চাপের বায়োমেট্রিক গ্রহণ করতে হবে।

৮। **তথ্য সংগ্রহ ও নিবন্ধন কার্যক্রমের সমন্বয় সাধন:** ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে সম্পন্ন করার জন্য আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার ও উপজেলা/থানা নির্বাচন অফিসারের কার্যক্রমে নিবিড় সমন্বয় থাকতে হবে। তাদের ভোটার তালিকা হালনাগাদের নিবন্ধন কার্যক্রম পরিচালনা এবং ভোটার তালিকা হালনাগাদ সংক্রান্ত বিভিন্ন পর্যায়ের সমন্বয় কমিটির কার্যক্রমে সক্রিয় সমন্বিত ভূমিকা পালন করতে হবে। এ কার্যক্রমে অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার এবং সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারদেরকে দায়িত্ব প্রদান করতে হবে।

৯। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩.০১.২০২৫

(মোঃ নাসির উদ্দিন চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব (নিঃসঃ-২)
ফোনঃ ৫৫০০৭৫৫৪

১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,..........................(সকল)
২। সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার .... (সকল)
৩। উপজেলা/থানা নির্বাচন অফিসার
ও রেজিস্ট্রেশন অফিসার.................(সকল)

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৬.২৪-২৪

তারিখঃ ২৯ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ / ১৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধান উপদেষ্ঠার কার্যালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব, ...(সংশ্লিষ্ট মন্ত্রনালয়/বিভাগ)।
৩। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৪। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ।
৫। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৬। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
৭। মহাপরিচালক, ডিজিএফআই/এনএসআই/আনসার ও ভিডিপি/কোস্ট গার্ড/বর্ডার গার্ড/র‍্যাব, ঢাকা।
৮। প্রকল্প পরিচালক, আইডিয়া প্রকল্প (২য় পর্যায়), জাতীয় পরিচয় নিবন্দন অনুবিভাগ, ঢাকা।
৯। বিভাগীয় কমিশনার,...(সকল)।
১০। সিস্টেম ম্যানেজার (আইসিটি)/কারিগরি, নির্বাচন কমিশন সচিবালয়/জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
১১। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা ।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

১২। যুগ্মসচিব,.............................. (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১৩। জেলা প্রশাসক,..(সকল)।
১৪। পুলিশ সুপার,..(সকল)।
১৫। উপসচিব/পরিচালক,......................... (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১৬। উপপরিচালক, স্থানীয় সরকার/আনসার ও ভিডিপি/ জেলা তথ্য অফিসার, ...(সকল)।
১৭। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার,........................(সকল)।
১৮। উপজেলা নির্বাহী অফিসার, ...(সকল)।
১৯। জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি,.........................(সকল)।
২০। সিনিয়র সহকারী সচিব/উপপরিচালক/প্রোগ্রামার, ... (সকল), নিকস/এনআইডি/ইটিআই।
২১। সহকারী সচিব/সহকারী পরিচালক/সহকারী প্রোগ্রামার, ... (সকল), নিকস/এনআইডি/ইটিআই।
২২। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৩। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ (মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)।
২৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৬.০১.২০২৫

সিনিয়র সহকারী সচিব (নিঃসঃ-২)
ফোনঃ ৫৫০০৭৫৫৪